



Mrs. Cheryl Watson-Harris, সুপারিন্টেন্ডেন্ট

Mr. Marshall D. Orson, বোর্ড সভাপতি
Mrs. Vickie B. Turner, সহ-সভাপতি
Mr. Stan O. Jester
Dr. Michael A. Erwin
Mrs. Allyson Gervertz
Mr. Dijon DaCosta
Dr. Joyce Morley

অবিলম্বে প্রকাশের জন্য

15 সেপ্টেম্বর, 2020

যোগাযোগ:

Portia Kirkland, 678-427-4898
Carla Parker, 404-734-1717

DeKalb County School District স্কুল পুনরায় খোলার পরিকল্পনার ঘোষণা করেছে

STONE MOUNTAIN, Ga. – DeKalb County School District সুপারিন্টেন্ডেন্ট Cheryl Watson-Harris এবং তাঁর দল 14 সেপ্টেম্বরের শিক্ষা পর্ষদের (Board of Education) সভায় ডিস্ট্রিক্টের পুনরায় খোলার পরিকল্পনা রেখেছেন। 2020 সালের 16 মার্চ থেকে কোভিড-19 এর কারণে এবং স্কুল বন্ধের সিদ্ধান্তগুলি সাবধানতার সাথে বিবেচনা করা হয়েছে।

ডিস্ট্রিক্ট পূর্বে 2020-21 স্কুল শিক্ষাবর্ষ শুরু করতে বিলম্ব করেছিল এবং কোভিড-19 এর গোষ্ঠী সংক্রমণের জন্য ভার্চুয়াল লার্নিং মডেল অনুসরণ করে স্কুল খুলেছিল। বর্তমান স্কুল আবার খোলার পরিকল্পনায় কমিউনিটিতে রোগের বিস্তার অনুসারে শিক্ষণের মডেল স্থির করা হচ্ছে। কম বা একেবারেই বিস্তার নেই এমন ক্ষেত্রে একটি চিরাচরিত মডেল ব্যবহার করা হবে। অল্প বা মাঝারি বিস্তারের ক্ষেত্রে, চিরাচরিত বা হাইব্রিড অথবা ভার্চুয়াল লার্নিং ব্যবহার করা হবে।

14 সেপ্টেম্বর, 2020 এর তথ্য অনুসারে, DeKalb County-তে সংক্রমণের ঝুঁকি কমেছে। বর্তমানে, 14 দিনের সময়কালে 100,000 জন বাসিন্দার 100 এর বেশি করে সংক্রমণ দেখা দিচ্ছে। ডিস্ট্রিক্টের পর্যায়ের পরিকল্পনাটি রক্ষণশীল এবং পর্যায়ক্রমিক, কারণ শিক্ষার্থী এবং কর্মীদের নিরাপত্তা এবং মঙ্গলের বিষয়কেই অগ্রাধিকার দেয়া হয়েছে। DCSD তার পুনরায় খোলার পরিকল্পনার দ্বিতীয় পর্যায়ে তখন এগোবে যখন 14 দিনের সময়কালে 100,000 জন বাসিন্দার মধ্যে সংক্রমণ 100 বা তার কম হবে।

দ্বিতীয় পর্যায়ে, শিক্ষার্থীরা ভার্চুয়াল লার্নিং চালিয়ে যাবে। এছাড়াও দ্বিতীয় পর্যায়ে, DCSD কর্মীরা হাইব্রিড পরিবেশে কাজ করবে, তাই প্রতি সপ্তাহে দুই দিন এসে কাজ করবে এবং তিনদিন বাসা থেকে কাজ করবে। তৃতীয় পর্যায়ে যাওয়ার আগে, গ্রেড 3,6 এবং 9 এর শিক্ষার্থীদের একদিন ক্লাসে ক্লাস হবে। সমস্ত শিক্ষার্থীদের নিয়ে তৃতীয় পর্যায় চালু করার আগে স্কুলের কর্মীরা সামঞ্জস্য করার সময় পেয়ে যাবে। DCSD আন্তে আন্তে কখন চতুর্থ ও পঞ্চম পর্যায়ে যাবে তা কোভিড-19 এর তথ্যের পর্যবেক্ষণ অনুসারে হবে।

অ্যাথলেটিক এবং পাঠ্যক্রম বর্হিভূত ক্রিয়াকলাপগুলি চালু করতে ডিস্ট্রিক্ট একটি "পর্যায়ক্রমিক" পদ্ধতি প্রয়োগ করবে। অংশগ্রহণ সম্পূর্ণভাবে ঐচ্ছিক। শিক্ষার্থী, কোচ বা স্পনসরদের কোনো বাধ্যতামূলক কিছু নেই। অনুশীলনের সময় এবং খেলার মাঠে সংক্রমণ কমাতে স্কুল সামাজিক দূরত্ব বজায় রাখা চালিয়ে যাবে। মাস্ক পরা/মুখ ঢাকা বাধ্যতামূলক।

“ডিস্ট্রিক্টের কাছে আমাদের স্কুলারদের নিরাপত্তা ও কল্যাণ সবথেকে বেশি গুরুত্বপূর্ণ। সমস্ত পরিকল্পনা 100,000 জনে 100 এর কম হলে তখন কার্যকর হবে। তথ্য অনুযায়ী নিরাপদ থেকে ঝুঁকি হওয়ার সম্ভাবনা আছে। বাবা-মাদের ভার্চুয়াল লার্নিং চালিয়ে যাওয়ার বিকল্প থাকবে এবং আমরা যেমন এগিয়ে যাব, ডিস্ট্রিক্ট সেই মতোই বাবা-মাদের তথ্য প্রদান করবে বলে, "সুপারিন্টেন্ডেন্ট Watson-Harris পর্ষদকে জানিয়েছেন।

সুপারিন্টেন্ডেন্ট এবং স্থানীয় এবং রাজ্য সরকারি কর্মকর্তাদের সহযোগিতায় ডিস্ট্রিক্টের %৫ পরিকল্পনায় জর্জিয়ার জনস্বাস্থ্য বিভাগ (Georgia Department of Public Health), DeKalb কাউন্টির স্বাস্থ্য পর্ষদ (DeKalb County Board of Health) রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention, CDC), জর্জিয়ার শিক্ষা বিভাগ (Georgia Department of Education, GaDOE), মেট্রোপলিটন আঞ্চলিক শিক্ষা পরিষেবা এজেন্সির (Metropolitan Regional Educational Service Agency, MRESA) বর্তমান পরামর্শ অন্তর্ভুক্ত করা হয়েছে।

পুনরায় খোলার সম্ভাবনার জন্য এর সঙ্গে যুক্ত সকলের মতামত পেতে একটি দ্বিতীয় জরিপ শুরু করা হয়েছে। প্রশাসক, শিক্ষক এবং অন্যান্য পক্ষদের নিয়ে ফোকাস গ্রুপগুলি অনুষ্ঠিত হবে। তথ্য এবং পক্ষদের প্রতিক্রিয়ার ভিত্তিতে পরিকল্পনাটি নমনীয় এবং পরিবর্তন সাপেক্ষে।

ডিস্ট্রিক্ট ক্রমাগত বর্তমান কোভিড-19 এর তথ্য পর্যবেক্ষণ করবে এবং কখন বর্তমান লার্নিং মডেলের সামঞ্জস্য করতে হবে তা নির্ধারণ করতে সংক্রমণের অবস্থার মূল্যায়ন করবে। পরের মূল্যায়নগুলো 19 অক্টোবর, 9 নভেম্বর এবং 7 ডিসেম্বর, 2020 এর পর্ষদের সভায় উপস্থাপন করা হবে।

সংশোধিত পরিষ্কার ও রক্ষণাবেক্ষণ প্রোটোকলের বিশদ বিবরণ সহ সমগ্র পরিকল্পনার প্রেজেন্টেশন পর্যালোচনা করতে এখানে ক্লিক করুন।